গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য অধিদপ্তর
মহাখালী, ঢাকা।

নং-স্বাঃ অধিঃ/প্রশাসন/বিবিধ/২০২৬(অংশ)/ তারিখঃ /০৮/২০২৬ ইং।

বিষয় ঃ মাননীয় প্রধানমন্ত্রীর স্বাস্থ্য সেবা বিভাগ পরিদর্শনে প্রদানকৃত অনুশাসনের অগ্রগতি সংক্রান্ত সভার সিদ্ধান্ত বাস্তবায়ন প্রসংগে।

উপর্যুক্ত বিষয়ে প্রেক্ষিতে উল্লেখ করা যাচ্ছে যে, মাননীয় প্রধানমন্ত্রীর স্বাস্থ্য সেবা বিভাগ পরিদর্শনে প্রদানকৃত অনুশাসনের অগ্রগতি সংক্রান্ত স্বাস্থ্য সেবা বিভাগের সচিব মহোদয় সভাপতিত্বে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের সভাকক্ষে ১৬/০৮/২০২৬ তারিখে একটি সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় গৃহীত সিদ্ধান্তের পরিপ্রেক্ষিতে নিম্নবর্ণিত নির্দেশনা সমূহ যথাযথভাবে প্রতিপালনের জন্য অনুরোধ করা হলো-

১. স্বাস্থ্য অধিদপ্তরাধীন সকল স্বাস্থ্য প্রতিষ্ঠান/হাসপাতালে বায়োমেট্রিক মেশিন চালু/সচল করতে হবে এবং কর্মকর্তা ও কর্মচারীদের বায়োমেট্রিক হাজিরা নিশ্চিত করতে হবে।
২. সকল স্বাস্থ্য সেবা প্রতিষ্ঠান/হাসপাতালে Biometric Face recognition প্রযুক্তি চালু করতে হবে।
৩. স্বাস্থ্য সেবা প্রতিষ্ঠানে/হাসপাতালে কর্মরত সকল চিকিৎসক ও স্বাস্থ্যকর্মীদের শতভাগ উপস্থিতি নিশ্চিত করতে হবে।
৪. সকল স্বাস্থ্য সেবা প্রতিষ্ঠান/হাসপাতালের আয়ন-ব্যয়ন কর্মকর্তাগণ চিকিৎসক ও স্বাস্থ্যকর্মীদের শতভাগ উপস্থিতি নিশ্চিত করে তাদের বেতন বিল অগ্রায়ন করবেন।
৫. কোন চিকিৎসক ও স্বাস্থ্যকর্মী কর্মস্থলে অনুপস্থিত থাকলে, তার অনুপস্থিতির বিষয়টি নিস্পত্তি না করা পর্যন্ত বেতন বিল অগ্রায়ন করা যাবে না।
৬. সকল স্বাস্থ্য সেবা প্রতিষ্ঠান/হাসপাতাল সমূহে কর্মকর্তা ও কর্মচারীদের ই-হাজিরা সংক্রান্ত রিপোর্ট প্রতি সপ্তাহে নিম্নস্বাক্ষরকারীর বরাবরে প্রেরণ করতে হবে।

এতে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন রয়েছে।

(অধ্যাপক ডাঃ জালাল উদ্দিন মোহাম্মদ রুমী)
পরিচালক (প্রশাসন)
hrm@ld.dghs.gov.bd

নং-স্বাঃ অধিঃ/প্রশাসন/বিবিধ/২০২৬(অংশ)/ ৬৪০৮/মন) তারিখঃ ২০/০৮/২০২৬ ইং।

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. পরিচালক, জাতীয় বক্ষব্যধি ইনঃ ও হাসপাতাল/জাতীয় ক্যান্সার গবেষনা ইনঃ ও হাসপাতাল/ন্যাশনাল গ্যাস্ট্রোলিভার ইনস্টিটিউট ও হাসপাতাল, মহাখালী, ঢাকা/জাতীয় হৃদরোগ ইনস্টিটিউট ও হাসপাতাল/জাতীয় অর্থোপেডিক হাসপাতাল ও পুনর্বাসন প্রতিষ্ঠান/জাতীয় চক্ষুবিজ্ঞান ইনস্টিটিউট ও হাসপাতাল, ঢাকা/ন্যাশনাল ইনস্টিটিউট অব নিউরো সায়েন্সেস ও হাসপাতাল/জাতীয় মানসিক স্বাস্থ্য ইনস্টিটিউট ও হাসপাতাল/জাতীয় বাতজ্বর ও হৃদরোগ নিয়ন্ত্রণ কেন্দ্র/জাতীয় কিডনী ডিজিজেস এন্ড ইউরোলজি/ন্যাশনাল ইনস্টিটিউট অব ইএনটি/ন্যাশনাল ইনস্টিটিউট অব বার্ণ ও প্লাষ্টিক সার্জারী, ঢাকা/কুয়েত-বাংলাদেশ মৈত্রী সরকারি হাসপাতাল, উত্তরা, ঢাকা।
২. পরিচালক, মেডিকেল কলেজ হাসপাতাল, -------------------------------------------------(সকল)।
৩. পরিচালক, কুর্মিটোলা জেনারেল হাসপাতাল/মুগদা জেনারেল হাসপাতাল, ঢাকা/ মানসিক হাসপাতাল, ঢাকা/পাবনা।
৪. পরিচালক (স্বাস্থ্য) -------------------------------------------------------------(সকল)।
৫. চিকিৎসা তত্ত্বাবধায়ক/তত্ত্বাবধায়ক/সিভিল সার্জন কাম তত্ত্বাবধায়ক,৩০০শয্যা/২৫০ শয্যা/১০০ শয্যা বিশিষ্ট হাসপাতাল--- (সকল)।
৬. সিভিল সার্জন, ----------------------------------------------------------------(সকল)।
৭. তত্ত্বাবধায়ক, সংক্রামকব্যাধি হাসপাতাল, মহাখালী, ঢাকা।
৮. উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, ---------------------------------------------(সকল)।
৯. সিষ্টেম এনালিস্ট (এমআইএস), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা। ওয়েব সাইটে প্রকাশ এবং ই-মেইলের মাধ্যমে সকলের নিকট প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।

২০.৮.২৬
(ডা. মোঃ কামরুল ইসলাম)
সহকারী পরিচালক (প্রশাসন-১)
মহাপরিচালকের পক্ষে
স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।

সার্কুলার

নং-স্বাঃ অধিঃ/প্রশাসন/বিবিধ/২০২৬(অংশ)/৩৪০৮/প্র-১ (৪) তারিখঃ ২৫/০৮/২০২৬ ইং।

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো-

১. সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
দৃষ্টি আকর্ষণ-সচিব মহোদয়ের একান্ত সচিব।
২. মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
দৃষ্টি আকর্ষণ-সহকারী পরিচালক (সমন্বয়)।
৩. অতিরিক্ত সচিব (প্রশাসন), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪. অতিরিক্ত মহাপরিচালক (প্রশাসন), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।

20.8.26
(ডা. মো: কামরুল ইসলাম)
সহকারী পরিচালক (প্রশাসন-১)
মহাপরিচালকের পক্ষে
স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।